খবর ৩৬৫ দিন

রবিবার
৫ ফেব্রুয়ারি ২০১৭
২২ মাঘ ১৪২৩
দাম ৪ টাকা
কলকাতা ও শিলিগুড়ি
থেকে প্রকাশিত

বর্ষ ৬ ▪ সংখ্যা ২০
Vol. VI. No. 20
কলকাতা সংস্করণ

কেন্দ্রীয় চক্রান্ত ব্যর্থ করে অন্ডালে আবার বিমান

বিমান চলাচল শুরু হচ্ছে শনিবার,
চালাবে জুম এয়ারলাইন্স

নিজস্ব প্রতিবেদন। বাংলার সঙ্গে সম্পূর্ণভাবে অসহযোগিতা করাই হল কেন্দ্রীয় সরকারের একমাত্র উদ্দেশ্য। কেন্দ্রীয় চক্রান্ত ব্যর্থ করে অন্ডাল বিমানবন্দরে আবার চালু হচ্ছে বিমান পরিষেবা। আগামী ১১ ফেব্রুয়ারি জুম এয়ারলাইন্সে 'দিল্লি-কলকাতা-দুর্গাপুর-দিল্লি' রুটে তাদের বিমান পরিষেবা শুরু করতে চলেছে। ক্রমবর্ধমান যাত্রীসংখ্যা এবং অন্ডালে বিমান চালানোর উদ্দেশ্যে বিমান সংস্থাগুলির চাপের কাছে বাধ্য হয়ে নতিস্বীকার করে অসামরিক বিমান প্রতিরক্ষা মন্ত্রক অন্ডাল বিমানবন্দর ব্যবহারের জন্য জুম এয়ারলাইন্সকে প্রয়োজনীয় অনুমতি দিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে রাজ্যের উন্নয়ন প্রক্রিয়াকে স্তব্ধ করার লক্ষ্যেই, রাজ্যকে না জানিয়ে হঠাৎ কেন্দ্রীয় বিমান সংস্থা এয়ার ইন্ডিয়া অন্ডাল বিমানবন্দরে তাদের বিমান পরিষেবা বন্ধ করে দেয় গত বছর জুন মাসে। তার আগে খোদ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি নিজে অন্ডাল বিমানবন্দরে পর্যটক হিসেবে ঘুরে গিয়েছেন। দুর্গাপুরে প্রধানমন্ত্রীর বিমান অবতরণ করার আগে অন্ডাল বিমানবন্দর সংক্রান্ত যাবতীয় দিক খতিয়ে দেখেই ছাড়পত্র দিয়েছিল কেন্দ্রীয় বিমান প্রতিরক্ষা মন্ত্রক। রাজ্য সরকারের পরিকাঠামোগত সহযোগিতার জন্য ▪ ৪ পাতায়

কেন্দ্রীয় চক্রান্ত ব্যর্থ

■ ১ পাতার পর 'কলকাতা-অন্ডাল-কলকাতা' রুটে বিমান পরিষেবা শুরু হওয়ার বিপুল জনপ্রিয়তা পাওয়ার পরে, এয়ার ইন্ডিয়া নতুনভাবে 'কলকাতা-অন্ডাল-দিল্লি-কলকাতা' রুটে বিমান পরিষেবা চালু করে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এয়ার ইন্ডিয়ার দিল্লিগামী বিমানের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। অন্ডালগামী বিমানে ক্রমশ বাড়তে থাকে যাত্রীসংখ্যা। দুর্গাপুর, ঝাড়খন্ড শিল্পাঞ্চলের বিশাল সংখ্যাক যাত্রী নিত্যদিন দুর্গাপুর থেকে দিল্লি যাতায়াত শুরু করেন। সিঙ্গাপুরের চাঙ্গি এয়ারপোর্ট ইন্টারন্যাশনালের সঙ্গে বেঙ্গল এয়ারেট্রোপলিস প্রোজেক্টস লিমিটেডের যৌথ উদ্যোগে গড়ে ওঠা অন্ডাল বিমানবন্দরের পরিকাঠামো উন্নয়নের জন্য উদ্যোগী হন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বিমান সংস্থাগুলিকে উৎসাহিত করতে অন্ডালগামী সমস্ত বিমানের ওপর থেকে 'অ্যাভিয়েশন টারবাইন ফুয়েল'র উপর থেকে বিক্রয় কর মকুব করে দেন। কিন্তু অসহযোগিতার রাজনীতির সীমা ছাড়িয়ে প্রতিহিংসার রাজনীতিতে নেমে পড়ে কেন্দ্রীয় সরকার। তবুও বাংলার উন্নয়নকে স্তব্ধ করতে পারছে না কেন্দ্রের বিজেপি সরকার। 'দিল্লি-কলকাতা-দুর্গাপুর-দিল্লি' রুটে অন্ডালগামী বিমানে ক্রমবর্ধমান যাত্রীসংখ্যার ফলে বিমান সংস্থাগুলির ক্রমাগত চাপের কাছে নতজানু হয়ে জুম এয়ারলাইন্সকে গত ২ ফেব্রুয়ারি অসামরিক বিমান প্রতিরক্ষা মন্ত্রক অন্ডাল বিমানবন্দর ব্যবহারের ছাড়পত্র দিয়েছে। পরিবহণ দফতরের প্রধান সচিব আলাপন বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, 'জুম এয়ার আথরিটি রাজ্যকে জানিয়েছে, তারা দিল্লি-কলকাতা-দুর্গাপুর-দিল্লি রুটে বিমান চালাবে।' জুম এয়ারলাইনসের এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন বিএপিএল-এর ম্যানেজিং ডিরেক্টর পার্থ ঘোষ। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে ধন্যবাদ জ্ঞাপন করেছেন বিএপিএল-এর এমডি পার্থ ঘোষ। আগামী ১১ ফেব্রুয়ারি দিল্লি-কলকাতা-দুর্গাপুর রুটে জুম এয়ার তাদের বাণিজ্যিক বিমান পরিষেবা শুরু করবে।

দিল্লি-কলকাতা-অণ্ডাল রুটে ফের চালু হচ্ছে উড়ান

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: দিল্লি-কলকাতা-দুর্গাপুর-অণ্ডাল রুটে ফের বিমান চলাচল শুরু হতে চলেছে। নবান্ন সূত্রের খবর, এই রুটে একটি বেসরকারি সংস্থা বিমান পরিষেবা দেবে। ওই সংস্থার পক্ষ থেকে রাজ্যকে জানানো হয়েছে, এই রুটে পরিষেবা দেওয়ার জন্য 'ডিরেক্টর জেনারেল অব সিভিল অ্যাভিয়েশন'-এর থেকে তারা পারমিট পেয়েছে। আগামী কিছু দিনের মধ্যেই তারা পরিষেবার সূচনা করে দেবে।

যদিও, দুর্গাপুরের অণ্ডাল বিমানবন্দর নিয়ে এর আগেও বিমান পরিষেবার সূচনা হয়েছিল। মূলত যাত্রী না হওয়ার জেরে সেসব উদ্যোগ সফল হয়নি। এর আগে আর্থিক সমস্যা এবং যাত্রী কমার কারণে কলকাতা-অণ্ডাল রুটে ৪৮ আসনের ছোট বিমান চলাচল বন্ধ করেছিল এয়ার ইন্ডিয়ার সহযোগী অ্যালায়েন্স এয়ার। একই কারণ দেখিয়ে কলকাতা-অণ্ডাল-দিল্লি রুটে চলাচলকারী ১২২ আসনের বিমান বন্ধ করার সিদ্ধান্ত নিয়েছিল এয়ার ইন্ডিয়া। তাদের বক্তব্য ছিল, রাষ্ট্রায়ত্ত উড়ান সংস্থা হিসাবে আঞ্চলিক রুটে বিমান চালানো এয়ার ইন্ডিয়ার কর্তব্য ছিল। তাই কলকাতা-দুর্গাপুর-দিল্লি রুটে বিমান চালু করেছিল তারা। কিন্তু অপারেশনাল কারণে এই রুটে উড়ান প্রত্যাহার করা হচ্ছে।

আনন্দবাজার পত্রিকা
কলকাতা রবিবার ৫ ফেব্রুয়ারি ২০১৭

অন্ডাল-দিল্লি নয়া উড়ান

■ অন্ডাল থেকে বিমান চালানোর অনুমতি পেল জুম এয়ারলাইন্স। এ মাসের মাঝামাঝি থেকেই সংস্থাটি বিমান পরিষেবা চালু করবে। প্রতি দিনই দিল্লি-কলকাতা-অন্ডাল-দিল্লি রুটে ৫০ আসনের বিমান চালাবে তারা। রাজ্যের কাছে অন্ডাল থেকে বিমান চালানোর প্রস্তাব নিয়ে এসেছিল জুম এয়ারলাইন্স। জানুয়ারি মাসের গোড়ায় ডিজিসিএ-র তত্ত্বাবধানে তারা পরীক্ষামূলক ভাবে বিমানও চালায়। শনিবার সংস্থা কর্তৃপক্ষ জানিয়েছেন, ডিজিসিএ তাদের বিমান চালানোর ছাড়পত্র দিয়েছে।

Zoom Air to take off on Feb 12

TIMES NEWS NETWORK

Kolkata: Zoom Air, the country's 10th scheduled carrier that received the DGCA licence on Friday, will launch its service with flights to Kolkata and Durgapur on February 12. Aviation minister Ashok Gajapathi Raju will flag off the airline's inaugural flight from Delhi to Kolkata at 7.15am that day.

Speaking to TOI, Zoom Air MD & CEO Koustav Dhar said the airline will operate a fleet of Bombardier CR-J200 LR series twin-engine jet aircraft with 50 premium seats in 2x2 layout. "Zoom is a full-service carrier that will serve complementary meals," he said.

To begin with, the airline will have daily flight on the Delhi-Kolkata-Durgapur-Delhi sectors, followed by Delhi-Chandigarh-Delhi and then the return Delhi-Durgapur-Kolkata-Delhi sectors. Later, the Delhi-Amritsar-Delhi leg will be added.

"We are beginning with these flights in the east and north in the winter schedule that is almost nearing its end. Once the summer schedule is announced, we will have more aircraft to service many more sectors," he said.

From March 24, Zoom Air plans to operate Delhi-Surat-Mumbai-Tirupathi-Delhi; Delhi-Allahabad-Kolkata-Shillong-Aizwal-Kolkata-Allahabad-Delhi sectors. "We currently have two Bombardier aircraft. Three more will join the fleet and enable us to expand to Indore, Jabalpur, Diu, Aurangabad and Vijaywada," Dhar said.

Earlier this month, Zoom Air conducted test flights at Andal airport as well as proving flights with crew and technical team to Kolkata, Varanasi and Mumbai to fulfil the final requirement for a scheduled operators' licence.

The arrival of the new airline will lead to commencement of scheduled flights from Kaji Nazrul Islam Airport at Andal near Durgapur that has been idle since last June when Air India withdrew operations. There have been non-scheduled flights but Zoom Air will enable fliers from the belt to travel to Delhi directly.

"We are delighted to return to the aviation map after a brief hiatus and are ready to serve the airline as well as passengers from the region," said Partho Ghosh, managing director of Bengal Aerotropolis Pvt Ltd, the greenfield airport operator.

TO CONNECT KOLKATA TO DURGAPUR

DELHI-KOLKATA
Dep | 7.15am
Arrival | 9.10am
Fare: ₹2,200

KOLKATA-DURGAPUR
Dep | 9.50am
Arrival | 10.30am
Fare: ₹1,200

DURGAPUR-DELHI
Dep | 10.50am | **Arrival** | 12.45 pm
Fare: ₹3,200

The airline will operate a fleet of Bombardier CR-J200 LR series twin-engine jet aircraft

NEWS DIGEST

Jumbo kills man

A 50-year-old man was killed by an elephant on Thursday night. The victim, Durga Biswas of Birvanpur, succumbed to his injuries at a local hospital. Three elephants injured four persons and damaged five houses at the Pandabeshwar and Gopalmath area in Burdwan.

TMC leader held for Ausgram rampage

Trinamool ex-block president of Ausgram, Chandranath Banerjee, was arrested on Friday for his alleged involvement in the January 28 clash over an illegal construction in front of a local school.

On January 28, locals attacked the Ausgram police station, assaulted cops and set seven police vehicles on fire injuring six.